



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন  
BANGLADESH STANDARDS AND TESTING INSTITUTION

Member ISO, OIML, APMP & Codex Alimentarius Commission of FAO/WHO

আঞ্চলিক অফিস

বাইপাস সড়ক, নওদাপাড়া, সপুরা, রাজশাহী-৬২০৩

ফোন: ০২৪৭-৮৬০৮৭৪, ০২৪৭-৮৬০৮৭৬, E-mail: [rajshahi@bsti.gov.bd](mailto:rajshahi@bsti.gov.bd)

স্মারক নং- ৩৬.০৫.০০০০.০১০.২৩.৩৬৯০.১৫

তারিখ: ২৯-১১-২০১৮ খ্রিঃ

## সতর্কীকরণ বিজ্ঞপ্তি

সম্প্রতি গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু সংখ্যক অসাধু চক্র বিভিন্ন ভুয়া ফোন নম্বর থেকে বিএসটিআই'র কর্মকর্তাদের নাম ব্যবহার করে বিভিন্ন প্রতিষ্ঠানের নিকট থেকে অর্থ হাতিয়ে নেয়ার অপচেষ্টায় লিপ্ত রয়েছে। এ সকল অসাধু ব্যক্তি/চক্র হতে সতর্ক থাকার জন্য এবং এ ধরনের অনভিপ্রেত ঘটনাকে প্রতিহত করার লক্ষ্যে নিম্নলিখিত বিষয়গুলো অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো :

- বিএসটিআই সংশ্লিষ্ট সকল প্রকার ফি শুধুমাত্র মানি রশিদ ও স্বাক্ষর সীলমোহরের মাধ্যমে বিএসটিআই আঞ্চলিক অফিস, রাজশাহীতে স্থাপিত ওয়ান স্টপ সার্ভিস সেন্টার এ গৃহীত হয়। মানি রশিদবিহীন কোন ফি গ্রহণ করা হয় না।

ওয়ান স্টপ সার্ভিস সেন্টার ব্যতীত মানি রশিদবিহীন কোন অর্থ লেনদেন না করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

- এ ধরনের কোন ফোনকল বা অভিযোগ পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তা বিএসটিআই আঞ্চলিক অফিস, রাজশাহী'র ই-মেইল: [rajshahi@bsti.gov.bd](mailto:rajshahi@bsti.gov.bd) অথবা টেলিফোন নং- ০২৪৭-৮৬০৮৭৪ নম্বরে জানানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।

আদেশক্রমে,

কর্তৃপক্ষ